| | | |
|---|---|---|
| ২.০৫। চেয়ারম্যান, নোয়াগাও ইউনিয়ন পরিষদ জনাব সামসুল ইসলাম (সামসু) বলেন, তাঁর ইউনিয়নে কয়েকজন গ্রাম পুলিশ করোনাকালীন সময়ে অসহায় দুস্থ্যদের মাঝে ২৫০০/- টাকা করে প্রদানের বিষয়ে অনিয়ম করেছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | নোয়াগাও ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের অনিয়মের বিষয়ে লিখিত অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২। চেয়ারম্যান নোয়াগাও ইউপি |
| ২.০৬। চেয়ারম্যান, বৈদ্যেরবাজার ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ জনাব আল আমিন সরকার বলেন যে, বৈদ্যেরবাজার ইউনিয়নে হাড়িয়া গ্রামে ডাকাতির প্রবনতা ঘটেছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ জানান যে, প্রত্যেক ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা গেলে চুরি, ডাকাতি, ছিনতায়ের প্রবনতা রোধ হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রতিটি ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ১। চেয়ারম্যান সকল ইউপি |
| ২.০৭। চেয়ারম্যান, সনমান্দী ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ জনাব জাহিদ হাসান জিন্নাহ বলেন পবিত্র রমজান উপলক্ষ্যে সোনারগাঁ উপজেলার বিভিন্ন বাজার গুলোতে দ্রব্যমূল্যের দাম যেন বৃদ্ধি না পায় সেই বিষয়ে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পবিত্র রমজান উপলক্ষ্যে সোনারগাঁ উপজেলার বিভিন্ন বাজার গুলোতে দ্রব্যমূল্যের দাম যেন বৃদ্ধি না পায় সেই বিষয়ে অভিযান পরিচালনা করতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ<br>২। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.০৮। জনাব মাহমুদা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ জানান যে, মোগরাপাড়া ইউনিয়নে নারী মাদক বিক্রেতা বেশী। এই নারী মাদক বিক্রেতাদের প্রতিহত না করতে পারলে মোগরাপাড়ায় মাদকের প্রবনতা রোধ করা যাবে না। নারী মাদক বিক্রেতাদের দ্রুত আটক করে কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। | মোগরাপাড়া ইউনিয়নে নারী মাদক বিক্রেতাদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করতে হবে। | ১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা |
| ২.০৯। বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ সামসুল ইসলাম ভূইয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ বলেন যে, প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যান সাহেব হচ্ছে ঐ ইউনিয়নের আইন শৃঙ্খলা কমিটির সভাপতি। তাই সকল ইউনিয়নে নিয়মিত আইন শৃঙ্খলা কমিটির সভা করে ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে আলোচনা করার জন্য তিনি অনুরোধ জানান এবং সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | প্রতিটি ইউনিয়নে নিয়মিত আইন শৃঙ্খলা কমিটির সভা করতে হবে এবং তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। চেয়ারম্যান সকল ইউপি |

**০৩. মাদক দ্রব্য ব্যবহার ও বিক্রয় রোধঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি বলেন যে, যুব সমাজকে মাদকের ভয়াল ছোবল থেকে রক্ষা করার জন্য অভিভাবক ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে যুবকদের কাউন্সেলিং এর ব্যবস্থা করতে হবে। মাদক বিক্রোতাদের বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। মাদক বিক্রি বন্ধ করার জন্য সকলকে যৌথভাবে অভিযান পরিচালনা করার অনুরোধ জানান। | মাদকের অপব্যবহার নির্মূল করার জন্য সামাজিকভাবে সকলে একত্রে কাজ করতে হবে এবং এ বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>মাদকসেবী ও মাদক বিক্রেতাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের অভিযান পরিচালনা করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ<br>২।সহকারী কমিশনার (ভূমি)<br>৩। অফিসার ইনচার্জ, সোনারগাঁ থানা |

CamScanner

